গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও
www,ansarvdp.thakurgaon.gov.bd

**নম্বর:** ৪৪.০৩.৫৫৯৪.০০০.২৫.০০৪.২৪.২২৩

তারিখ: ৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

**বিষয়: অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (৭ম ধাপ-পুরুষ) পরিচালনার নিমিত্ত প্রশিক্ষণার্থী বাছাই সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৩-২০২৪ খ্রিঃ অনুযায়ী আগামী ০৬-০৩-২০২৪ খ্রিঃ তারিখ হতে ২৬-০৩-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ২১ দিনব্যাপী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (৭ম ধাপ) জেলা কমান্ড্যান্টের কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও-এ অনুষ্ঠিত হবে। সে প্রেক্ষিতে আগ্রহী পুরুষ প্রার্থীদের নিম্নবর্ণিত ছক মোতাবেক অনুষ্ঠিতব্য বাছাই-এ অংশগ্রহণের জন্য আহ্বান করা হলো।

**"ছক"**

| ক্রম | জেলার নাম | বাছাইয়ের তারিখ ও সময় | বাছাইয়ের স্থান | প্রশিক্ষণার্থীর কোটা | উপস্থিতির সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ঠাকুরগাঁও | ০৩/০৩/২০২৪ খ্রিঃ সময়- ১০.০০ ঘটিকা | জেলা কমান্ড্যান্টের কার্যালয় আনসার ও ভিডিপি, ঠাকুরগাঁও | ১০০ জন | প্রশিক্ষণার্থীগণের উপস্থিতির সময় সকাল ০৯.৩০ ঘটিকা | |

**যোগ্যতাঃ**

১। ঠাকুরগাঁও জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য হতে হবে।
৪। স্বেচ্ছাসেবায় আগ্রহী হতে হবে। এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
৫। গ্রামভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ সনদকে মূল্যায়ণ করা হবে।
৬। বয়স ১৮ হতে ৩০ বছর। সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৭। শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) ৮ম শ্রেণী পাশ।
৮। উচ্চতা ৫'-৪" (ন্যূনতম) হতে হবে এক্ষেত্রে অধিক উচ্চতাধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৯। জাতীয় পরিচপত্র বাধ্যতামূলক থাকতে হবে।
১০। যারা গ্রামে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করেছে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**অযোগ্যতাঃ**

১। বাংলাদেশের নাগরিক অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা বা বাংলাদেশে ডমিসাইল না হন।
২। বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।
৩। কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছে মর্মে ঘোষণা না করা হয়।
৪। কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন।
৫। কোন উপযুক্ত আদালত কর্তৃক দুষ্কৃতিকারী হিসেবে চিহ্নিত হন বা সাজাপ্রাপ্ত হন।
৬। এলাকায় অসামাজিক কার্যকলাপে জড়িত আছেন বা ছিলেন মর্মে কুখ্যাতি রয়েছে।
৭। নৈতিক শৃঙ্খলাজনিত অপরাধে কোন উর্পযুক্ত আদালত কর্তৃক সাজা প্রাপ্ত হন।
৮। কোন অপরাধে সরকারী চাকরি হতে বরখাস্ত হন।
৯। বিজ্ঞপ্তির চাহিত যোগ্যতা সমূহের এক বা একাধিক ঘাটতি হলে।

**সুযোগ-সুবিধাঃ**

১। তৃণমূল পর্যায়ে দেশের সর্ববৃহৎ একক বাহিনীর একজন গর্বিত সদস্য হওয়া।
২। বিভিন্ন পেশাভিত্তিক ও কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে একজন দক্ষ উদ্যোক্তা হওয়া।
৩। সরকার কর্তৃক নির্দেশিত সময় সময় যেকোনো দায়িত্ব; যেমন: জাতীয় সংসদ নির্বাচনসহ অন্যান্য নির্বাচন, দূর্গাপূজা, মহাসড়ক নিরাপত্তা অর্থাৎ আপদকালীন সময় অস্ত্র ও গোলাবারুদ বহন করে জননিরাপত্তায় অংশগ্রহণ করা।
৪। সরকারি চাকুরীতে সংরক্ষিত ১০% কোটা পাওয়া।
৫। ভিডিপি সদস্য হিসেবে উদ্যোক্তা হওয়ার লক্ষ্যে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক থেকে সহজ শর্তে ঋণ পাওয়া।
৬। প্রশিক্ষণ শেষে সনদপত্র সহ যাতায়াত ভাতা প্রদান করা হয়।

**প্রয়োজনীয় কাগজপত্রঃ (অত্র দপ্তরে জমা করা হবে)**

১। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি ০২ কপি।
২। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র (যার জন্য যেটা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
৩। শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি- ০১টি। (মূল সনদপত্র যাচাইপূর্বক ফেরতযোগ্য)
৪। ভিডিপি প্রশিক্ষণ সনদপত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি- ০১টি। (মূল সনদপত্র যাচাইপূর্বক ফেরতযোগ্য)
৫। ইউএভিডিও কর্তৃক স্বাক্ষরিত প্লাটুন ভুক্তির সনদপত্র।
৬। জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি- ০১টি। (মূল কপি যাচাইপূর্বক ফেরতযোগ্য)

**বিশেষ নির্দেশনাবলীঃ** নির্বাচিত প্রার্থীগণ হালকা বিছানাপত্রসহ ব্যবহার্য জিনিসপত্র সাথে নিয়ে আগামী ০৫-০৩-২০২৪ খ্রিঃ তারিখ অপরাহ্নে সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার তত্ত্বাবধানে নিজ খরচে অত্র প্রশিক্ষণ কেন্দ্রে যোগদান করবেন। প্রশিক্ষণার্থীদের আবাসন, খাবার ও যাতায়াত ভাতা (উভয়পথ) সরকারীভাবে বহন করা হবে। **এক্ষেত্রে কোনো রকম আর্থিক লেনদেন করা যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে কঠোরভাবে সর্তক করা হলো। কারও**

**বিরুদ্ধে আর্থিক লেনদেনের সম্পৃক্ততার তথ্য পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।** প্রার্থীগণ কোন তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে প্রশিক্ষণ বাবদ ব্যয়িত সরকারী অর্থ ফেরৎ দিতে বাধ্য থাকবে এবং বিধি মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। বাছাই সংক্রান্ত সকল বিষয়ে বাছাইকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

২০-০২-২০২৪
মোঃ মিনহাজ আরেফিন
জেলা কমান্ড্যান্ট
০১৭৩০০৩৮০৯১
dcthakurgaon@ansarvdp.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপমহাপরিচালক, উপমহাপরিচালক এর কার্যালয়, রেঞ্জ কমান্ডারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর;
২। পরিচালক, ভিডিপি প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী;
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও;
৪। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও;
৫। সহকারী জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও;
৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, রানীশংকৈল, ঠাকুরগাঁও;
৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সদর, ঠাকুরগাঁও;
৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
৯। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও;
১০। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও;
১১। সার্কেল অ্যাডজুট্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও এবং
১২। নোটিশ বোর্ড................................................, ঠাকুরগাঁও।।